



BENGALI A: LITERATURE - HIGHER LEVEL - PAPER 2

BENGALI A : LITTÉRATURE – NIVEAU SUPÉRIEUR – ÉPREUVE 2

BENGALÍ A: LITERATURA – NIVEL SUPERIOR – PRUEBA 2

Monday 12 May 2014 (afternoon) Lundi 12 mai 2014 (après-midi) Lunes 12 de mayo de 2014 (tarde)

2 hours / 2 heures / 2 horas

INSTRUCTIONS TO CANDIDATES

- Do not open this examination paper until instructed to do so.
- Answer one essay question only. You must base your answer on at least two of the Part 3
 works you have studied and compare and contrast these works in response to the question.
 Answers which are not based on a discussion of at least two Part 3 works will not score
 high marks.
- You are not permitted to bring copies of the works you have studied into the examination room.
- The maximum mark for this examination paper is [25 marks].

INSTRUCTIONS DESTINÉES AUX CANDIDATS

- N'ouvrez pas cette épreuve avant d'y être autorisé(e).
- Traitez un seul sujet de composition. En basant votre réponse sur au moins deux des œuvres de la troisième partie que vous avez étudiées, vous devez comparer et opposer ces œuvres dans le cadre du sujet. Les réponses qui ne sont pas basées sur au moins deux des œuvres de la troisième partie n'obtiendront pas une note élevée.
- Vous n'êtes pas autorisé(e) à apporter des exemplaires des œuvres que vous avez étudiées dans la salle d'examen.
- Le nombre maximum de points pour cette épreuve d'examen est [25 points].

INSTRUCCIONES PARA LOS ALUMNOS

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Conteste una sola pregunta de redacción. Base su respuesta en al menos dos de las obras estudiadas de la Parte 3, comparándolas y contrastándolas en relación con la pregunta. Las respuestas que no se basen en al menos dos obras de la Parte 3 no recibirán una puntuación alta.
- No está permitido traer copias de las obras estudiadas a la sala de examen.
- La puntuación máxima para esta prueba de examen es [25 puntos].

যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন। উত্তরটি আপনার পড়া তৃতীয় ভাগের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে **দুটি** রচনার উপর ভিত্তি করে দিতেই হবে এবং উত্তরটি সেই রচনা দুটির **তুলনামূলক ও বিপরীতধর্মী** আলোচনার মাধ্যমে দিতে হবে। যদি উত্তর তৃতীয় অংশের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে দুটি রচনার আলোচনার উপর ভিত্তি করে **না** দেওয়া হয় তবে ভাল মার্কুস পাওয়া যাবে **না**।

কবিতা

- "কবিতার কাঠামো বা গঠনভঙ্গি ও বিষয়বস্তু পারস্পরিকভাবে একে অপরের উপর নির্ভরশীল।" তোমার পড়া
 দুইজন কবির অন্ততঃপক্ষে দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও এই বক্তব্য কতখানি সঠিক।
- 2. তোমার পড়া দুইজন কবির অন্ততঃপক্ষে দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও কবিতায় কোন নির্দিষ্ট অনুভূতি বা নির্দিষ্ট পরিস্থিতিকে ফুটিয়ে তোলার জন্য কবিরা কিভাবে বিশেষ ভাব বা স্বরের (টোন) ব্যবহার করেন এবং তাতে তাঁরা কতটা সফল।
- 3. তোমার পড়া দুইজন কবির অন্ততঃপক্ষে দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও কবিরা কিভাবে ব্যক্তি–প্রতীক (পার্সোনিফিকেশন) এবং/অথবা কল্পনাশক্তিকে (ইমেজারি) তাঁদের কবিতায় সফলভাবে ব্যবহার করেছেন।

উপন্যাস

- 4. তোমার পড়া দুইজন ঔপন্যাসিকের অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের তুলনামূলক আলোচনা করে দেখাও যে উপন্যাসে একটি সাবপ্লট নাকি একাধিক সাবপ্লট উপন্যাসের প্রধান বিষয়বস্তুকে বেশী সফলভাবে উপস্থাপিত করতে সহায়তা করে।
- 5. তোমার পড়া দুইজন ঔপন্যাসিকের অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও উপন্যাসের চরিত্রগুলির উপস্থাপনা ও তাদের পারস্পরিক সম্পর্কের ক্রমপরিবর্তন কিভাবে কাহিনীর ঘটনাপরস্পরাকে প্রভাবিত করতে সাহায্য করে।
- 6. সমাজবাস্তবতার উপস্থাপনা কিভাবে উপন্যাসের বিন্যাসকে (সেটিং) প্রভাবিত করে তোলে তা তোমার পড়া দুইজন ঔপন্যাসিকের অন্ততঃপক্ষে দুটি উপন্যাসের প্রেক্ষিতে তুলনামূলকভাবে আলোচনা কর।

ছোটগল্প

- 7. তোমার পড়া দুইজন লেখকের অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের প্রেক্ষিতে তুলনামূলকভাবে আলোচনা করে দেখাও ছোটগল্পে একটি বিশেষ দৃষ্টিভঙ্গি বা ''পয়েন্ট অফ ভিউ'' কে কিভাবে এবং কোন উদ্দেশ্যে উপস্থাপিত করা হয়েছে।
- 8. ''দ্বন্দুই হল যেকোন কাহিনীর ভিত্তিপ্রস্তর।'' কিভাবে একটিমাত্র দ্বন্দুকে ঘিরে ছোটগল্প গড়ে ওঠে তা তোমার পড়া দুইজন লেখকের অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পে দ্বন্দুগুলির উপস্থাপনার কৌশলের তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও।
- 9. তোমার পড়া দুইজন লেখকের অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পের তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও এপিফ্যানি বা "সত্য উদ্ঘাটনের মূহূর্ত"–র সঠিক ব্যবহার কিভাবে একটি ছোটগল্পকে সফল করে তুলতে সাহায্য করে।

প্রবন্ধ

- 10. তোমার পড়া দুইজন প্রবন্ধকারের অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের প্রেক্ষিতে তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও প্রবন্ধকার কিভাবে বিভিন্ন প্রকাশভঙ্গীর সাহায্যে পাঠকদের কাছে তাঁর বক্তব্য সফলভাবে তুলে ধরেন।
- 11. তোমার পড়া দুইজন প্রবন্ধকারের অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের প্রেক্ষিতে ভিন্ন বিষয়বস্তুর ক্ষেত্রে প্রবন্ধকারদের যে ভিন্ন মনোভাবের প্রকাশ ঘটেছে ও প্রবন্ধে তাদের প্রভাব কিভাবে পড়েছে তার একটি তুলনামূলক আলোচনা কর।
- 12. "যদিও একজন প্রবন্ধকার সম্পূর্ণভাবে বিষয়মুখীন থাকার দাবি করেন, তবুও একইসাথে তাঁর প্রচেষ্টা থাকে তাঁর ব্যক্তিগত বিশ্বাসকে প্রকাশ করার।" প্রবন্ধকার কি কৌশলের মাধ্যমে এই প্রচেষ্টাকে সফল করে তোলেন তা তোমার পড়া দুইজন প্রবন্ধকারের অন্ততঃপক্ষে দুটি প্রবন্ধের তুলনামূলক আলোচনার মাধ্যমে দেখাও।